

শ্রমিক কল্যাণ তহবিলে লাফার্জ হোলসিম লভ্যাংশ জমা দিল ৯৯.৫৭ লাখ টাকা
ঢাকা, ২৯ নভেম্বরঃ

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন তহবিলে গত এক বছরের লভ্যাংশের নির্দিষ্ট অংশ ৯৯ লাখ ৫৭ হাজার টাকা জমা দিয়েছে সিমেন্ট উৎপাদনকারী কোম্পানি লাফার্জ হোলসিম বাংলাদেশ লিঃ।

আজ বিকেলে সচিবালয়ে শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী বেগম মনুজান সুফিয়ানের নিকট কোম্পানির জেনারেল ম্যানেজার এ বি এম মামুন-অর রশিদ ৯৯ লাখ ৫৭ হাজার ৩৭৭ টাকার একটি চেক হস্তান্তর করেন।

বাংলাদেশ শ্রম আইন অনুযায়ী, কোম্পানির নিট লাভের শতকরা পাঁচ ভাগের এক দশমাংশ বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন তহবিলে জমা প্রদানের বিধান রয়েছে। এ পর্যন্ত দেশি-বিদেশি এবং বহুজাতিক মিলে ১৭৬টি কোম্পানি এ তহবিলে অর্থ প্রদান করছে।

এ তহবিলে এখন পর্যন্ত জমার পরিমাণ প্রায় ৪'শ ৯০ কোটি টাকা। অন্যদিকে এ তহবিল থেকে প্রাতিষ্ঠানিক-অপ্রাতিষ্ঠানিক খাতের প্রায় সাড়ে দশ হাজার শ্রমিককে প্রায় ৪৪ কোটি টাকা সহায়তা প্রদান করা হয়েছে।

চেক প্রদান অনুষ্ঠানে বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন এর মহাপরিচালক ড. মোল্লা জালাল উদ্দিন এবং লাফার্জ হোলসিম বাংলাদেশের শ্রমিক প্রতিনিধি জাহাঙ্গীর আলম উপস্থিত ছিলেন।

পরে সাবেক সচিব ড. মাহফুজুল হক এবং মিকাইল শিপার এর নেতৃত্বে চার সদস্যের একটি প্রতিনিধি দল প্রাকটিক্যাল এ্যাকশন ইন বাংলাদেশ কর্তৃক “Developing Guidelines for Joint Policy Recommendations on decent Labour Rights of Informal Waste and Sanitation Workers” নামে প্রকাশিত একটি রিপোর্ট প্রতিমন্ত্রীর হাতে তুলে দেন। এসময় সাবেক যুগ্মসচিব মো. আমিনুল ইসলাম এবং প্রাকটিক্যাল এ্যাকশন ইন বাংলাদেশ এর প্রজেক্ট ম্যানেজার উত্তম কুমার উপস্থিত ছিলেন।

মোঃ আকতারুল ইসলাম

তথ্য ও জনসংযোগ কর্মকর্তা

ফোন-৯৫৭৩৮৩৯

মোবাইলঃ০১৭১৮৮৫১৮৫১

Email :aktarullalpur@gmail.com

